পশ্চিমবঙ্গ সরকার

শিশুবিকাশপ্রকল্পআধিকারিকেরকরণ

হাঁসখালি, সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প

হাঁসখালি, নদীয়া

পত্রাঙ্কনং: ৫১৮/আই.সি.ডি./এইচ.কে. তারিখ:০১/১০/২০১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা জানানো যাইতেছে যে, হাঁসখালি অতিরিক্ত শিশুবিকাশ সেবা প্রকল্পে অঙ্গনওয়াড়ি কর্মী/ সহায়িকা পদে নিযুক্তির জন্য কেবলমাত্র মহিলা প্রার্থীদের নিকট হইতে নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহ্বান করা হইতেছে। এই নিযুক্তি সম্পূর্ণ স্বেচ্ছাসেবামূলক। এই কাজে নিযুক্তি কর্মী/সহায়িকা কোনমতেই সরকারি কর্মী রুপে গণ্য হইবেন না। কেবলমাত্র গাজনা, রামনগর বড়চুপরিয়া-১, রামনগর বড়চুপরিয়া-২, বগুলা-১, বগুলা-২, মামজোয়ান গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দারা নিম্নক্ত শূন্য পদে আবেদন করিতে পারিবেন। সহায়িকা পদের প্রার্থীদের কেবলমাত্র নিজ নিজ গ্রাম পঞ্চায়েতের শূন্য পদে আবেদন করিতে হইবে।

১) অঙ্গনওয়াড়ি কর্মী শূন্য পদের সংখ্যা ০১ । এবং অঙ্গনওয়াড়ি সহায়িকা শূন্য পদের সংখ্যা:- ৫ , পদের সংখ্যা পরিবর্তনযোগ্য।

২) সরকারি আদেশ অনুসারে ১০০ পয়েন্ট রোস্টারঅনুযায়ী শূন্য পদের সংখ্যা সংরক্ষিত। পদের সংখ্যা পরিবর্তন হইলে সংরক্ষণও পরিবর্তন হইবে। (G.O.No.50 EMP/IM-25/98 Dtd.01/03/2011)

সম্ভাব্য শূন্যপদঅনুযায়ীসংরক্ষণ

ক) অঙ্গনওয়াড়ি কর্মী:-

সাধারণ	তপশিলিজাতি	তপশিলি উপজাতি	অন্যান্যঅনগ্রসরশ্রেণী-A	অন্যান্য অনগ্রসর শ্রেণী-B	প্রতিবন্ধী	মোট
০	১	০	০	০	০	১

খ) অঙ্গনওয়াড়ি সহায়িকা:-

ক্রমিক নং	গ্রামপঞ্চায়েতেরনাম	সাধারণ	তপশিলিজাতি	তপশিলিউপজাতি	অন্যান্যঅনগ্রসরশ্রেণী-A	অন্যান্যঅনগ্রসরশ্রেণী-B	প্রতিবন্ধী	মোট
১	বগুলা-১	০	১	০	০	০	০	১
২	বগুলা-২	০	০	০	০	১	০	১
৩	গাজনা	১	০	০	০	০	০	১

Child Development Project Officer
Hanskhali,I.C.D.S. Project, Dist- Nadia

৪	মামজোয়ান	১	০	০	০	০	০	১
৫	রামনগর বড়চুপরিয়া-১	০	০	০	১	০	০	১
মোট		২	১	০	১	১	০	৫

উক্ত পদেরসংখ্যা পরিবর্তনশীল।

৩) নূন্যতম শিক্ষাগত যোগ্যতাঃ- অঙ্গনওয়াড়ী কর্মী পদের জন্য পশ্চিমবঙ্গ সরকার অনুমোদিত বোর্ড হইতে মাধ্যমিক বা সমতুল্য পাশ।[সাধারন, তপশিলি জাতি, তপশিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেনী(এ/বি) ইত্যাদি সকলের ক্ষেত্রে]। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকিলেও আবেদন করা যাইবে। অঙ্গনওয়াড়ীসহায়িকা পদের ক্ষেত্রে নূন্যতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেনী উত্তীর্ণ।উক্ত পদের জন্যশিক্ষাগত যোগ্যতা বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের মধ্যে সম্পন্ন হইতে হইবে।

৪)বয়সঃ- ০১/১০/২০১৯ তারিখে ১৮ বৎসর হইতে ৪৫ বৎসর।

৫) পরীক্ষাঃ- লিখিত পরীক্ষা ৯০ নম্বর এবং মৌখিক পরীক্ষা ১০ নম্বর (উভয় পদের জন্য) ।

৬) ক) মাতৃভাষায় ১৫০ শব্দের মধ্যে একটি রচনা (অষ্টম /নবম শ্রেনীর মানের)-১৫ নম্বর।

খ)পাটিগণিত (অষ্টম শ্রেনীর মানের)-২০ নম্বর।

গ)পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর অবস্থান-১৫ নম্বর।

ঘ)ইংরাজী(ইংরাজী ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান), সরল অনুবাদ (অষ্টম/নবম শ্রেনীর মানের) ইত্যাদি-২০ নম্বর।

ঙ) সাধারন জ্ঞান -২০ নম্বর।

৭) আবেদন পত্রের নমুনাঃ- আবেদনপত্রের নমুনা অনুযায়ী সাদা কাগজ স্বহস্তে লিখিত অথবা ছাপানো এবং অবশ্যই স্ব-স্বাক্ষরিত আবেদনপত্র জমা দিতে হইবে। শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিকের করনে আবেদনপত্রের নমুনা দেখিতে পাওয়া যাইবে।

৮) প্রত্যয়ন(Attestation):- সমস্ত প্রমাণপত্রের প্রতিলিপি সরকারিভাবে প্রত্যয়ন করার অধিকার আছে, কেবলমাত্র এমন ব্যাক্তির দ্বারা অবশ্যই প্রত্যয়িত/স্বপ্রত্যয়িত করিতে হইবে।প্রতিলিপি অবশ্যই পাঠযোগ্য হইতে হইবে।

৯) আবেদনপত্রের সঙ্গে দেয় প্রমাণপত্রের বা শংসাপত্রের বিবরণ ইত্যাদিঃ-

ক) তিনটি স্বপ্রত্যায়িত সাম্প্রতিকতম রঙিন পাসপোর্ট ফটো। একটি ফটো আবেদনপত্রের উপরে আঠা দিয়ে আটকানো ও অপর দুইটি ফটো একটি ৫ টাকার টিকিট লাগানো খামের মধ্যে যাহার ডানদিকে নিজের নাম ও ঠিকানা লেখা থাকিবে তাহার ভিতর থাকিবে।

খ)বয়সের প্রমানঃ- মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) অথবা শংসাপত্র (Certificate) বা জন্ম প্রমাণপত্র। (Birth Certificate)

Child Development Project Officer
Hanskhali,I.C.D.S. Project, Dist- Nadia

গ) বাসস্থানের প্রমাণ পত্র,গ্রাম পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সমিতির সভাপতি, মহকুমাশাসক, বিধায়ক,জেলাসভাধিপতি,সাংসদ,জেলাশাসক,অতিরিক্ত জেলাশাসক ও সমষ্টিউন্নয়ন আধিকারিক দ্বারা প্রদত্ত প্রমাণ পত্র।

ঘ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ পত্র অথবা সমতুল্য পরীক্ষা ও তদপরবর্তী পরীক্ষায় পাশ করিয়া থাকিলে সেই সকল পরীক্ষার মূল্যায়নপত্র (Marksheet)ও শংসাপত্র (Certificate)।

ঙ) তপশিলিজাতি,তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসরশ্রেণীর ক্ষেত্রে(এ এবং বি) কেবলমাত্র মহকুমাশাসক বা জেলাশাসক কর্তৃকপ্রদত্ত শংসাপত্রই গ্রাহ্য হইবে। প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রয়োজনীয় প্রমান পত্র দাখিল করিতে হইবে।

১০)দরখাস্ত জমা দেওয়ার তারিখ:-০১/১০/২০১৯ (ইং) হইতে ২৫/১০/২০১৯ (ইং) । শনি, রবি এবং সরকারি ছুটির দিন বাদে বেলা বারোটা হইতে তিনটা পর্যন্ত হাঁসখালি শিশুবিকাশ প্রকল্প আধিকারিকের করণে দরখাস্ত জমাদিতে হইবে ।

বিশেষ দ্রষ্টব্য:- এই নিযুক্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশুবিকাশ দপ্তরের আদেশনামা প্রযোজ্য। উপরি উক্ত পরীক্ষা পদ্ধতির মাধ্যমে যাহারা নিযুক্ত হইবেন তাহাদের কার্যকাল শেষের বয়সসীমা (Age limit for discontinuation/termination) ৬৫ বছর। লিখিত পরীক্ষায় ন্যুনতম ৩০ নম্বর না পাইলে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেনা এবং লিখিত পরীক্ষার মেধাতালিকা ক্রমসংখ্যা অনুযায়ী শূন্যপদেরসংখ্যার ১:৫ অনুপাতে মৌখিক পরীক্ষারজন্য ডাকা হইবে ।লিখিত পরীক্ষায় পাশ করিলেও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকিলে সেই প্রার্থী অযোগ্য বলিয়া বিবেচিত হইবে। মৌখিক পরীক্ষার ক্ষেত্রে কোনো ন্যুনতম যোগ্যতা নির্ধারক নম্বর (qualifying marks) থাকিবেনা। লিখিত পরীক্ষায় প্রাপ্ত ও মৌখিকপরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগ ফলেরভিত্তিতে মেধা ———————————————————— করা তালিকা(meritlist)প্রস্তুত হইবে।এইনিযুক্তিসম্পর্কেবিশদবিবরণবেলা১২টাহইতে৩টাপর্যন্তপ্রকল্পআধিকারিকেরকার্যালয়েপাওয়াযাইবে।কোনোতথ্যভুলবাঅসংগতদিলেবাউপরিউক্তশর্তলঙ্ঘনকরিলেআবেদনপত্রবাতিলবলিয়াগণ্যহইবেএবংএইবিষয়েকোনকারণদর্শানোহইবেনা।শুধুমাত্রনির্ভুলওসঠিকআবেদনপত্রেরভিত্তিতেইপরীক্ষারপ্রবেশপত্রপাওয়াযাইবে।পরীক্ষায়উপস্থিতহইবারজন্যগাড়ীভাড়াবাবাহনখরচপাওয়াযাইবেনা।আবেদনপত্রের খামের উপরে অঙ্গনওয়াড়ীকর্মী/সহায়িকা পদের জন্য আবেদন পত্র এবং গ্রামপঞ্চায়েতের নাম এবং অবশ্যই লিখিতে হইবে।

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
হাঁসখালি ,সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
Child Development Project Officer
Hanskhali,I.C.D.S. Project, Dist- Nadia

পত্রাঙ্কনং: ৫১৮/১ (২৩)/আই.সি.ডি./এইচ.কে.

তারিখ:০১/১০/২

Child Development Project Officer
Hanskhali,I.C.D.S. Project, Dist- Nadia

জ্ঞাতার্থে ও প্রচারের উদ্দেশ্যে প্রেরিত হইল :-

১) সমাজকল্যাণ অধিকর্তা, পশ্চিমবঙ্গসরকার, শৈশালীবিল্ডিং, সল্টলেক, কোলকাতা-৭০০০৬৪
২) মাননীয়জেলাশাসক, নদীয়া।
৩) মাননীয়া শ্রীমতি মহুয়া মৈত্র, সদস্যা লোকসভা ভারত সরকার এবং চেয়ারম্যান ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশন কমিটি, নদীয়া ।
৪) সভাধিপতি, নদীয়াজেলা পরিষদ ।
৫) মাননীয়শ্রী শঙ্কর সিংহ, বিধায়ক, ভাইসচেয়ারম্যান ডিস্ট্রিক্ট লেভেল সিলেকশনকমিটি, নদীয়া ।
৬) অতিরিক্তজেলাশাসক (জেলাপরিষদ), নদীয়া।
৭) মাননীয়মহকুমা শাসক, রানাঘাটমহকুমা, নদীয়া
৮) জেলা প্রকল্পআধিকারিক, আই.সি.ডি.এস, নদীয়া ।
৯) জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, কৃষ্ণনগর, নদীয়া। দুটি স্থানীয় বাংলা সংবাদ পত্রে এই বিজ্ঞপ্তি প্রকাশ করার জন্য অনুরোধ করা হইল।
১০) মাননীয় বিধায়ক শ্রী সমীর পোদ্দার, ৮৯ রানাঘাট উত্তর-পূর্ব, নদীয়া।
১১) মাননীয় বিধায়ক শ্রী আশীষ কুমার বিশ্বাস ৮৮ কৃষ্ণগঞ্জ, নদীয়া।
১২) সমষ্টিউন্নয়নআধিকারিক, হাঁসখালি ব্লক ।
১৩) সভাপতি, হাঁসখালি পঞ্চায়েতসমিতি ।
১৪) ব্লকস্বাস্থ্যআধিকারিক, হাঁসখালি ব্লক
১৫) কর্মাধ্যক্ষ, শিশু, নারী উন্নয়ন ও ত্রাণ, হাঁসখালি পঞ্চায়েতসমিতি ।
১৬-২২) প্রধান (সব).. ।
২৩) অফিস প্রতিলিপি

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
হাঁসখালি, সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প
Child Development Project Officer
Hanskhali, I.C.D.S. Project, Dist- Nadia

আবেদন পত্র

প্রতি,
শিশু বিকাশ প্রকল্প আধিকারিক,
হাঁসখালি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প,
হাঁসখালি, নদীয়া।

স্ব-প্রত্যয়িত
ফটো

মহাশয়,

আপনার করণের প্রকাশিত বিজ্ঞপ্তি নং .... তাং .... অনুযায়ি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে অঙ্গড়ওয়াড়ী ....(কর্মী /সহায়িকা) পদে নিযুক্তির জন্য আবেদন করছি। আপনার বিজ্ঞপ্তি অনুযায়ী আমার সকল সঠিক তথ্য ও বিবরন বিবেচনার জন্য নিম্নে প্রদত্ত হল ।

১। নাম :...

২। পিতা / স্বামীর নাম :..

৩। স্থায়ী ঠিকানা :- গ্রাম .... পোষ্ট..থানা...

জেলা...পিন..

৪। (ক) জন্ম তারিখ ....

(খ) বয়স (০১-১০-২০১৯ তারিখে)..

৫। শিক্ষাগত যোগ্যতা (০১-১০-২০১৯ তারিখে) : ....

৬। জাতি (সাধারন/তপঃ জাতি/তপঃ উপজাতি / ও.বি.সি-A /ও.বি.সি-B/)...
কাহার দ্বারা প্রদত্ত শংসা পত্র, নং ও তারিখ...

৭। প্রতিবন্ধী:..................(হাঁ / না)
৮। ভোটার কার্ড নং... আধার নং.. ফোন নং ....

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, আপনার করন থেকে প্রকাশিত বিজ্ঞপ্তি নম্বর ....তাং ....আমি সম্পুর্নরূপে পড়ে ও অনুধাবন করে সকল শর্তসাপেক্ষে জ্ঞানত এই পদে নিযুক্তির জন্য আবেদন করছি। উপরোক্ত সকল তথ্য ০১-১০-২০১৯ তারিখের নিরিখে আমার জ্ঞানত সত্য । কোন ভুল বা অসংগত তথ্য দেওয়ার দায় সম্পুর্ণরূপে আমার ও ইহার জন্য আমার আবেদন পত্র বাতিল হলে বা আমার নিযুক্তি প্রত্যাহৃত হলে বা অন্যান্য সরকারি আইন মোতাবেক আমার বিরুদ্ধে ব্যবস্থা গৃহিত হলে আমার কোন আপত্তি থাকবে না ।

ইতি

তারিখ :

আবেদন কারিনীর স্বাক্ষর